| | | |
|---|---|---|
| সভায় তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সিস্টেম কন্ট্রোল এন্ড স্ক্যাডা জানান যে, ইতোমধ্যে সকাল ১০ থেকে রাত ১০ টা পর্যন্ত এনএলডিসি'র নির্দেশনা অনুযায়ী ১০০ -৩০০ মে:ও: এর একটি লোডশেডিং এর শিডিউল তৈরি করা হয়েছে। এছাড়া শিডিউল অনুযায়ী লোডশেডিং বাস্তবায়ন করার জন্য স্ক্যাডা দপ্তর ও এনসিএস এর নির্বাহী প্রকৌশলীগণকে নিয়ে একটি অফিসিয়াল হোয়াটস অ্যাপ গ্রুপ তৈরি করা হয়েছে। এছাড়া হাসনাবাদ- শীতলক্ষ্যা লাইন এর সাথে ০৪ টি গ্রীড সংযুক্ত থাকায় সামিট ও ডিজিটাল পাওয়ার তাদের ০২ সাইডে জেনারেশন বাড়াবে মর্মে তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সিস্টেম কন্ট্রোল এন্ড স্ক্যাডা আশাবাদ ব্যক্ত করেন। | ডিপিডিসি'র স্ক্যাডা দপ্তর থেকে প্রদানকৃত লোডশেডিং এর allocation এর উপর নির্ভর করে এনওসিএস এর নির্বাহী প্রকৌশলীগণকে লোডশেডিং এর শিডিউল সতর্কতার সাথে যথাযথভাবে maintain করতে হবে এবং allocation পাওয়ার সাথে ডিপিডিসি'র csms software এ সাথে সাথে interruption সংক্রান্ত তথ্যের এন্ট্রি দিতে হবে। লোডশেডিং প্রত্যাহার করা হলে সাথে লোডশেডিং প্রত্যাহারের তথ্য ডিপিডিসি'র website এ আপলোড করতে হবে। এছাড়া ডিপিডিসি'র আওতাধীন বিভিন্ন এলাকায় বিদ্যমান ফুল ও ফলের দোকান, কাঁচা-বাজার ও শপিং-মল গুলোতে দিনের আলোয় অপ্রোয়জনীয় বাতি জ্বলা পরিহার করার জন্য সকল এনওসিএসকে প্রতিনিয়ত অভিযান চালাতে হবে। অভিযান চলাকালীন গ্রাহকবৃন্দকে অপ্রয়োজনীয় বাতি বন্ধের জন্য উদ্বুদ্ধ করতে হবে এবং এ বিষয়ে একটি সচিত্র ভিডিও রেকর্ড করে প্রচারনার জন্য ডিপিডিসি'র ফেইজবুক পেইজে আপলোড করতে হবে।<br>খ) যে সমস্ত এনওসিএস এর আওতাধীন এলাকায় অবৈধ ব্যাটারি চালিত অটোরিক্সার গ্যারেজ রয়েছে সে সমস্ত জায়গায় ম্যাজিস্ট্রেট ড্রাইভ দিয়ে অবৈধভাবে ব্যাটারি চার্জকৃত অটোরিক্সার গ্যারেজ এর বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করতে হবে এবং এ সংক্রান্ত অভিযানের তথ্য দৈনিক পত্রিকায় প্রচার করতে হবে ও সাংবাদিকগণকে অবহিত করতে হবে। | প্রধান প্রকৌশলী (এনওসিএস নর্থ/ সেন্ট্রাল/ সাউথ)/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল এনওসিএস সার্কেল)/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সিস্টেম কন্ট্রোল এন্ড স্ক্যাডা)/ নির্বাহী প্রকৌশলী (সকল এনওসিএস)। |

**আলোচ্যসূচি-০৮: নিরাপত্তা সংক্রান্ত:**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| **ক) পোস্তগোলা ১৩২/৩৩/১১ কেভি উপকেন্দ্র সংলগ্ন উচ্ছেদকৃত অবৈধ স্থাপনা এলাকা দখলমুক্ত রাখা সংক্রান্তঃ** নির্বাহী প্রকৌশলী, গ্রিড সাউথ-২, ডিপিডিসি’র নিয়ন্ত্রণাধীন পোস্তগোলা উপকেন্দ্র একটি “২য়” শ্রেণির কেপিআই স্থাপনা। কেপিআইয়ের নিরাপত্তার জন্য হুমিকিস্বরূপ বিধায় উক্ত স্থাপনার সন্নিকটবর্তী অবৈধ স্থাপনাসমূহ উচ্ছেদের বিষয়ে ইতিপূর্বে স্পেশাল ব্রাঞ্চের কেপিআই শাখা হতে বিদ্যুৎ বিভাগের মাধ্যমে বিশেষ অনুরোধ জানায়। উক্ত অনুরোধের প্রেক্ষিতে ডিপিডিসি কর্তৃপক্ষ বিদ্যুৎ বিভাগের সহায়তায় ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের সাথে পত্রালাপ ও সরাসরি যোগাযোগের কারণে বিগত জুন মাসে সিটি কর্পোরেশন কর্তৃক অবৈধস্থাপনাসমূহ উচ্ছেদ করা হয়। সম্প্রতি উক্ত স্থাপনা পরিদর্শনে দেখা যায় যে অচ্ছেদকৃত যায়গায় এখনো কোন দোকানপাট | ক) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গ্রিড (সাউথ), তত্ত্বাবধয়ক প্রকৌশলী, সিভিল ওয়ার্কস এবং ডিজিএম (এইচ আর), সিকিউরিটি যৌথভাবে পরিদর্শন করতঃ পোস্তগোলা উপকেন্দ্র সংলগ্ন দখলমুক্ত যায়গা নিজেদের নিয়ন্ত্রণে রাখাসহ কেপিআই স্থাপনার সার্বিক নিরাপত্তা নিশ্চিতকল্পে জরুরী ভিত্তিতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন এবং পরবর্তী সভায় এর তথ্যাদি উপস্থাপন করবেন। | ক) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গ্রিড (সাউথ), তত্ত্বাবধয়ক প্রকৌশলী, সিভিল ওয়ার্কস এবং ডিজিএম (এইচ আর), সিকিউরিটি, ডিপিডিসি। |

| | | |
|---|---|---|
| নির্মাণের চেষ্টা না করলেও উন্মুক্ত ও অরক্ষিত থাকায় ধীরে ধীরে জ্বালাইকাজ, রিক্সা/ভ্যান পার্কিং ইত্যাদি কাজ চলছে। খুব শীঘ্রই উক্ত যায়গায় কোন বেষ্ঠনী বা কোন নিরাপত্তা ব্যবস্থা না নিলে তা বেদখল হয়ে যেতে পারে মর্মে সভায় জানানো হয়। তাছাড়া উপকেন্দ্র ভবনের ৩য় ও ৪র্থ তলায় পোস্তগোলা এনওসিএস দপ্তর থাকায় স্থাপনায় প্রত্যেকদিন বিপুল সংখ্যক বিদ্যুৎ গ্রাহক এবং দর্শনার্থীদের আগমন ঘটে এবং উল্লেখযোগ্য সংখ্যক মোটর সাইকেল ট্রান্সফরমার ইয়ার্ডের কাছাকাছি বিক্ষিপ্তভাবে পার্কিং করে রাখা হয়। এনএসআইয়ের মাঠ পর্যায়ের প্রতিনিধিগণ একাধিকবার স্থাপনা পরিদর্শন করে এ বিষয়ে অসন্তোষ প্রকাশ করেছেন। এমতাবস্থায় কেপিআই এর নিরাপত্তার স্বার্থে স্থাপনার প্রবেশপথে অবস্থিত বটগাছটি কেটে অথবা ডালপালা ছেটে পরিষ্কার করে সুনির্দিষ্ট একটি মোটর সাইকেল পার্কিং এর ব্যবস্থা এবং ট্রান্সফর্মার ইয়ার্ডের ফেন্সিং মেরামত করা জরুরী মর্মে সভায় আলোচিত হয়।<br><br>**খ) বিভিন্ন প্রকল্পের অধীনে নির্মাণ কাজ চলাকালীন সময়ে নিরাপত্তা ব্যবস্থাকে সর্বাধিক গুরুত্ব প্রদান সংক্রান্তঃ** জিটুজি, পিডিএসডিসহ ডিপিডিসিতে বিভিন্ন প্রকল্পের আওতায় অনেক নির্মাণ কাজ চলমান রয়েছে। উক্ত নির্মাণ কাজ চলাকালীন সময়ে নির্মাণ শ্রমিক থেকে শুরু করে সাধারণ জনগণ কেউ যেন কোন ধরণের দুর্ঘটনায় পতিত না হয় সে বিষয়ে সংশ্লিষ্ট সকলকে সর্বোচ্চ সতর্কতার সাথে কাজ করতে হবে মর্মে সভায় বিশেষ গুরুত্বসহকারে আলোচিত হয়। বিশেষ করে “Safety First” বা এ ধরনের প্রয়োজনীয় নিরাপত্তা বিষয়ক স্লোগান এবং নির্দেশনা খুব স্পষ্ট করে দৃশ্যমান রেখে কাজ করতে হবে। জনসাধারণ এবং যানবাহন চলাচল ব্যাহত হয় এ ধরণের কোন কাজ করার প্রয়োজন হলে যথাসময়ে স্থানীয় পুলিশ প্রশাসনের সহায়তা নিয়ে কাজ করতে হবে, কোন অবস্থাতেই কারো অবহেলা গ্রহণযোগ্য হবেনা মর্মে সভায় উল্লেখ করা হয়। এ প্রসঙ্গে সম্প্রতি ঢাকার উত্তরায় বিআরটির একটি প্রকল্পে নির্মাণ কাজ চলাকালীন সময়ে প্রাইভেট কারের উপরে গার্ডার পরে ৫ জন নিহত হওয়ার বিষয়টি উল্লেখ করতঃ সংশ্লিষ্ট সকলকে সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করে দায়িত্ব পালনের বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। | খ) ডিপিডিসি’র বিভিন্ন প্রকল্পের অধীনে চলমান নির্মাণ কাজসমূহে নিরাপত্তার বিষয়টিকে সর্বাধিক গুরুত্বারোপ করতে হবে এবং সবাইকে তা মেনে চলতে হবে। “Safety First” বা এ ধরনের প্রয়োজনীয় নিরাপত্তা বিষয়ক স্লোগান এবং নির্দেশনা সম্বলিত ব্যানার কিংবা প্ল্যাকার্ডে প্রদর্শনের ব্যবস্থা করতে হবে। নির্মাণাধীন এলাকায় জনসাধারণের প্রবেশ নিয়ন্ত্রণ করতে হবে এবং রাস্তায় চলমান কাজের ক্ষেত্রে যথাযথ নিরাপত্তা ব্যবস্থা আবশ্যিকভাবে গ্রহণ করতে হবে। প্রয়োজনানুযায়ী আইন শৃঙ্খলা বাহিনীর সহায়তা গ্রহণ করতে হবে। | খ) সকল প্রকল্প পরিচালক, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সিভিল ওয়ার্কস ও নির্বাহী প্রকৌশলী, সেফটি এন্ড এনভায়রনমেন্ট, ডিপিডিসি। |

__আলোচ্যসূচি-০৯:__ **১১ কেভি ফিডার অটোমেশন ও SAIDI/SAIFI:**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|

